৮৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 AUG 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ২

একনেকে প্রকল্প অনুমোদন

# দু' হাজার সালের মধ্যে বয়স্ক শিক্ষার হার ৬২ ভাগে উন্নীত হবে

সরকার ৩শ' ৫ কোটি টাকার অনানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পসহ ৮টি প্রকল্প বুধবার অনুমোদন করেছে। শিক্ষা প্রকল্পের লক্ষ্য হচ্ছে- ২০০০ সাল নাগাদ দেশে বয়স্ক শিক্ষার হার শতকরা ৬২ ভাগে উন্নীত করা। খবর ইউএনবি'র। অর্থমন্ত্রী এম সাইফুর রহমানের সভাপতিত্বে সচিবালয় কেবিনেট কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক কাউন্সিলের নির্বাহী কমিটির বৈঠকে (একনেক) এ অনুমোদন দেয়া হয়।

অনানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প-১ এর অধীনে ছাত্র ভর্তির বর্তমান হার শতকরা ৭৬ ভাগ থেকে ৯৫ ভাগে উন্নীত হবে এবং প্রাথমিক পর্যায়ে স্কুল ত্যাগীর হার শতকরা ৬০ ভাগ থেকে ৩০ ভাগে কমে আসবে।

একনেক বৈঠকে ঢাকা মেট্রোপলিটন এলাকার কিছু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কাজের জন্য ৬২ কোটি টাকার একটি প্রকল্প অনুমোদন করা হয়। এই প্রকল্পের কাজ ১৯৯৮ সালের জুন মাসের মধ্যে শেষ হবে। মহানগরীর ১৫টি থানার ২শ' ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ-সুবিধা বৃদ্ধি করাই এ প্রকল্পের লক্ষ্য।

একনেক ২১ কোটি টাকা ব্যয়ে সিলেট, ফরিদপুর, বগুড়া, ঝিনাইদহ, যশোর, নরসিংদী ও ফেনীতে ২৫ শয্যার করে ডায়াবেটিক হাসপাতাল স্থাপনের একটি প্রকল্পও অনুমোদন করে। এ প্রকল্পের কাজ ১৯৯৫-৯৬ অর্থবছরে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

বৈঠকে বগুড়া, সিলেট ও খুলনায় আঞ্চলিক টেলিভিশন কেন্দ্র স্থাপনের প্রকল্পটিও নীতিগতভাবে অনুমোদন করে। বৈঠকে ১৭ কোটি টাকার বৈদেশিক মুদ্রাসহ ২৭ কোটি টাকা ব্যয়ে ৫০ মিটার গেজ ও ৫০ ব্রডগেজ রেলওয়ে লোকোমোটিভের সংস্কার প্রকল্পের ব্যাপারে সবুজ সংকেতও দিয়েছে। একনেক চট্টগ্রাম ওয়াসার অন্তর্বর্তীকালীন পানি সরবরাহ ও পুনর্বাসন প্রকল্পের জন্য ৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রাসহ ২৫ কোটি টাকার একটি প্রকল্প অনুমোদন করে। একনেক বৈঠকে বৃহত্তর নোয়াখালী জেলার পরশুরাম, ফুলগাজী ও চাটখিল থানায় গ্যাস সরবরাহ প্রকল্পের জন্য ১২ কোটি টাকার একটি প্রকল্পও অনুমোদন করে।